

অগ্নি নিরাপত্তা সংক্রান্ত বিজ্ঞপ্তি

আগুন লাগলে, শান্ত থাকুন। FIRE DEPARTMENT-কে জানান এবং FIRE DEPARTMENT কর্মীদের নির্দেশ অনুসরণ করুন। যদি আপনার অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক হয়, তবে নিম্নলিখিত তথ্যগুলির উপরে নির্ভর করে আপনার বিবেচনা মতে সবথেকে নিরাপদ পদক্ষেপটি গ্রহণ করুন:

আপনি অ-দাহ্য (অগ্নিনিরোধী) বিল্ডিংয়ে বাস করেন।

যদি আপনার বাসায় আগুন লেগে যায়

- যেখানে আগুন লেগেছে সেই ঘরের দরজা লাগিয়ে বাসা ছেড়ে বেড়িয়ে যান।
- নিশ্চিত হয়ে নিন যে আপনার সঙ্গে সকলেই বাসা থেকে বেড়িয়ে এসেছে।
- আপনার চাবিগুলি নিয়ে নিন।
- বাসার দরজা বন্ধ করুন, কিন্তু তালা দেবেন না।
- আপনার তলে বাহিরপথের রাস্তায় অন্যদের দরজায় টোকা দিয়ে সতর্ক করুন।
- বিল্ডিং থেকে বের হতে কাছাকাছি সিঁড়ি ব্যবহার করুন।
- লিফ্ট ব্যবহার করবেন না।
- নিরাপদ স্থানে পৌঁছে 911 নম্বরে ফোন করুন। দমকল কর্মীদের দুর্ঘটনা স্থলে না দেখতে পাওয়া অবধি অনুমান করে নেবেন না যে আগুন লাগার ঘটনা জানানো হয়েছে।
- আগে থেকে ঠিক করা বিল্ডিংয়ের বাইরের জায়গায় আপনার পরিবারের সদস্যদের সাথে সাক্ষাৎ করুন। কেউ না জানালে আপনি দমকলে খবর দিন।

আপনার বাসায় আগুন না লেগে থাকলে

- অবস্থা বিপজ্জনক না হওয়া পর্যন্ত আপনার বাসায় থাকুন ও দমকল কর্মীদের নির্দেশনা শুনুন।
- যদি আপনাকে বাসা ছেড়ে বেরোতেই হয়, তাহলে প্রথমে তাপের আঁচ বোঝার জন্য বাসার দরজা এবং দরজার হাতলে হাত দিন। যদি সেগুলি গরম না হয়ে থাকে, তাহলে দরজাটি অল্প একটু ফাঁক করে দেখুন যে হলটিতে ধোঁয়া, উত্তাপ বা আগুন রয়েছে কিনা।
- যদি আপনি নিরাপদে আপনার বাসা ছেড়ে বেরোতে পারেন, তাহলে আপনার বাসায় আগুন লাগা সম্পর্কিত উপরের নির্দেশগুলি দেখুন।
- যদি আপনি নিরাপদে আপনার বাসা বা বিল্ডিং ছেড়ে বেরোতে না পারেন, তাহলে 911-তে ফোন করে তাদেরকে আপনার ঠিকানা, তল, বাসার নম্বর এবং আপনার বাসায় কতজন থাকেন সেই সংখ্যাটি বলুন।
- আপনার বাসার দরজাগুলিকে ভিজে তোয়ালে বা চাদর দিয়ে ঢেকে দিন, এবং ঘুলঘুলি বা ধোঁয়া ঢুকতে পারে এমন অন্য কোন ফুটোকেও বন্ধ করে দিন।
- নীচে থেকে আগুনের শিখা এবং ধোঁয়া না এলে জানলাগুলিকে উপরে এবং নীচের দিকে কয়েক ইঞ্চি খুলে রাখুন।
- কোনও জানলা ভাঙবেন না।
- যদি বাসার পরিস্থিতি দেখে জীবনহানির আশঙ্কা আছে বলে মনে হয় তাহলে একটি জানলা খুলে দমকলকর্মীদের দৃষ্টি আকর্ষণের জন্য তোয়ালে বা চাদর নাড়ান।
- সহায়তা পাওয়ার আগেই যদি ধোঁয়া মোরালো হয়ে ওঠে, তাহলে মেঝেতে বসে পড়ুন এবং নাক দিয়ে অল্প অল্প করে শ্বাস নিতে থাকুন। সম্ভব হলে, ধোঁয়া, তাপ বা আগুনের উৎস থেকে দূরে কোন বারান্দা বা ছাদে দিয়ে আশ্রয় নিন।